

কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ
KPB SCHOOL AND COLLEGE
Online Assignment ২০২০

শ্রেণি- ৯ম

বিষয়- বাংলা ১ম পত্র

সময়- ২ ঘণ্টা

পূর্ণমান- ৩০

প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

১। ময়মনসিংহ জেলার এক ভিক্ষুক। নাম চান মিয়া। ভিক্ষা করে কোন রকম জীবন চালায়। এক খন্ড ভিটে ছাড়া দুই কুলে তার কিছুই নাই। বাড়িতে একটি ঘর উঠানোর জন্য ভিক্ষা করে কয়েক বছরে সত্তর হাজার টাকা জমিয়েছেন। করোনা মহামারীতে সবাই যার যার সাধ্যমতো গরীব অসহায় মানুষদেরকে সাহায্য করছে। বৃদ্ধ ভিক্ষুক চান মিয়া তার একমাত্র সম্বল জমানো সত্তর হাজার টাকা অসহায় মানুষদের সাহায্যের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তাদের হাতে তুলে দেন।

- ক) হাটার আনন্দকে লেখক মোতাহার হোসেন চৌধুরী কিসের সংগে তুলনা করেছেন? ১
- খ) মনুষ্যত্ব উত্তরণের ক্ষেত্রে শিক্ষা কি ভূমিকা পালন করে? বুঝিয়ে লিখ। ২
- গ) উদ্দীপকে শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে? বিশ্লেষণ করো। ৩
- ঘ) শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধে প্রমাণিত হয়েছে ব্যক্তির মনুষ্যত্ববোধ সমষ্টিকে রক্ষা করে। উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২। আসমানীরে দেখতে যদি তোমরা সবে চাও,

রহিমুদ্দিনের ছোট বাড়ি রসুলপুরে যাও।

বাড়ি তো নয় পাখির বাসা ভেন্না পাতার ছানি

একটু খানি বৃষ্টি এলে গড়িয়ে পড়ে পানি।

একটু খানি হাওয়া দিলে ঘর নড়বড় করে,

তারই তলে আসমানীরা থাকে বছর ধরে।

পেটটি ভরে পায় না খেতে বুকের ক' খান হাড়

সাক্ষী দিচ্ছে অনাহারে ক' দিন গেছে তার।

- ক) পল্লি জননী কবিতায় কুয়াশা বোঝাতে কোন শব্দ ব্যবহার করা হয়েছে? ১
- খ) 'বিরহী মায়ের একেলা পরান দোলে' কথাটির দ্বারা কি বোঝানো হয়েছে? ২
- গ) উদ্দীপক ও পল্লি জননী কবিতার মধ্যে প্রেক্ষাপটগত সাদৃশ্য বিশ্লেষণ করো। ৩
- ঘ) "উদ্দীপক ও পল্লি জননী কবিতায় চিত্রিত পরিবার দুটির অর্থনৈতিক অবস্থা একসূত্রে গাঁথা" মন্তব্যটির বিশ্লেষণ করো। ৪

৩। এক বাক্যে উত্তর দাও।

৫×২= ১০

ক) অন্ধ ব্যক্তিটি প্রশ্ন করায় মুহাম্মাদ (সঃ) এর ললাট সামান্য কুঞ্চিত হলো কেন?

খ) কপোতাক্ষ নদ কবিতায় কবির স্মৃতি কাতরতার আবেগে কি প্রকাশিত হয়েছে?

গ) আমি কোনো আগলুক নই কবিতায় কবির দেখা রৌদ্রের স্বভাব কেমন?

ঘ) "প্রবাস বন্ধু" রচনায় পাগমান পাহাড়ের রং কি?

ঙ) সাফা ও মারওয়া কি?

**** বি: দ্র: প্রশ্নপত্রের যে কোন সমস্যায় বিষয় শিক্ষকের সঙ্গে যোগাযোগ করা যাবে।****